দৈনিক আমাদের সময়

তারিখ: 20.IIII.2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪

# প্রকল্প কর্মকর্তাদের প্রতি শিক্ষামন্ত্রীর হুশিয়ারি

নিজস্ব প্রতিবেদক ●
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রকল্পের কাজে অনিয়ম, দুর্নীতি ও অপচয় বরদাশত করা হবে না। এ ব্যাপারে সবাইকে সতর্ক থাকতে হবে। প্রকল্পে কোনো অনিয়ম-দুর্নীতি হলে কাউকে ছাড় দেওয়া হবে না। গতকাল বুধবার শিক্ষাভবনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) ১৩টি প্রকল্প ও প্রোগ্রামের কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, 'বরাদ্দ অর্থের পরিপূর্ণ ব্যবহার করতে হবে। কারণ, বাজেটে বরাদ্দ দেওয়া টাকা জনগণের, গরিব মানুষের টাকা। প্রকল্পগুলোর সাফল্যের ওপরই নির্ভর করে দেশের উন্নতি। কাজ নির্ধারিত সময়ের এরপর পৃষ্ঠা ৯ কলাম ৬

## প্রকল্প কর্মকর্তাদের প্রতি

(৩ এর পৃষ্ঠার পর) মধ্যে শেষ করতে হবে। আমাদের অর্থ সীমিত। এই অর্থ সঠিকভাবে কাজে লাগাতে হবে। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যে ত্রুটি ও দুর্বলতা রয়েছে তা পূর্ব-অভিজ্ঞতার আলোকে চিহ্নিত করে ব্যবস্থা নিতে হবে। প্রকল্প কর্মকর্তাদের দক্ষতা আরও বাড়াতে হবে। তবে কেউ ইচ্ছাকৃত ভুল করলে ছাড় পাবেন না। মাউশির মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব মো. মহিউদ্দিন খান উপস্থিত ছিলেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর